# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 21-03-2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১। দক্ষিণ কোরিয়া হরমুজ প্রণালী দিয়ে নিরাপদ চলাচল নিশ্চিত করার প্রচেষ্টায় অংশ নিতে সম্মত হয়েছে।

২। পশ্চিম এশিয়ার পরিবর্তনশীল পরিস্থিতির মোকাবিলায় ভারত সমন্বিতভাবে সক্রিয়প্রচেষ্টা চালাচ্ছে।

৩। পশ্চিম  ভারতকে ঘাঁটি করে ইরানে মার্কিন যুক্তরাষ্ট্র আক্রমণ শানাচ্ছে বলে যে গুজব ছড়িয়েছে তা খারিজ করেছে ভারতের বিদেশ মন্ত্রকের ফ্যাক্ট চেক।

৪। সরকার জানিয়েছে দেশের সারের উৎপাদন এবং চাহিদার মধ্যে ঘাটতি কমাতে আমদানির সিদ্ধান্ত নেওয়া হয়েছে

৫। আন্তর্জাতিক অরণ্য দিবস উপলক্ষে কেন্দ্রীয় পরিবেশ অরণ্য ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব  অরণ্য সংরক্ষণে শপথ নেওয়ার আহ্বান জানিয়েছেন ।

৬। ২০২৬ আয়কর বিধি জারি করা হয়েছে। কার্যকর হবে পয়লা এপ্রিল থেকে।

৭। পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে রাষ্ট্রপতি উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

---

দক্ষিণ কোরিয়া হরমুজ প্রণালী দিয়ে নিরাপদ চলাচল নিশ্চিত করার প্রচেষ্টায় অংশ নিতে সম্মত হয়েছে। বিশ্বের মোট তেল ও গ্যাস সরবরাহের ২০ শতাংশই এই প্রণালীর ওপর নির্ভরশীল। সেদেশের বিদেশমন্ত্রক জানিয়েছে উপসাগরীয় অঞ্চলে ইরানের হামলা এবং হরমুজ প্রণালীর কার্যত বন্ধ হয়ে যাওয়ার ঘটনার নিন্দা করে ইউরোপীয় দেশগুলি ও জাপানসহ মোট সাতটি দেশের জারি করা যৌথ বিবৃতিতে তারা শামিল হবে। ব্রিটেন, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, নেদারল্যান্ডস এবং কানাডার পক্ষ থেকে প্রকাশিত ওই যৌথ বিবৃতিতে ইরানকে এই কৌশলগত জলপথে হামলা এবং অবরোধের প্রচেষ্টা থামাতে এবং নৌচলাচলের স্বাধীনতার মূলনীতি মেনে চলতে বলা হয়েছে।

---------------------

পশ্চিম এশিয়ার পরিবর্তিত পরিস্থিতির মোকাবিলায় সরকার সারা দেশে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করছে এবং পাশাপাশি মজুতদারি, কালোবাজারি এবং আতঙ্কের বশে অতিরিক্ত কেনাকাটা রোধেও পদক্ষেপ নিচ্ছে। সরকার জানিয়েছে যে, দেশের সব কটি তেল শোধনাগারে পর্যাপ্ত অপরিশোধিত তেলের মজুত রয়েছে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে এলপিজি-র অভ্যন্তরীণ উৎপাদন প্রায় ৪০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মন্ত্রক জানিয়েছে যে, জ্বালানির কোনো ঘাটতির খবর পাওয়া যায়নি এবং নাগরিকদের আতঙ্কের বশে অতিরিক্ত জ্বালানি না কেনার পরামর্শও দেওয়া হয়েছে। মন্ত্রক আরও জানিয়েছে যে, মজুতদারি ও কালোবাজারি রোধে সারা দেশে হাজার হাজার স্থানে অভিযান চালিয়ে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মন্ত্রক জানিয়েছে যে, গৃহস্থালি ও পরিবহন ক্ষেত্রে প্রাকৃতিক গ্যাসের সরবরাহে অগ্রাধিকার দেওয়া হয়েছে, অন্যদিকে শিল্পক্ষেত্রে গ্যাসের ব্যবহার নিয়ন্ত্রণ করা হচ্ছে। মন্ত্রক আরও জানিয়েছে যে, সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন

কোম্পানিগুলো এলপিজি-র ওপর নির্ভরতা কমাতে পিএনজি সংযোগ গ্রহণের বিষয়টিতে উৎসাহিত করছে।

সরকার এ বিষয়েও আশ্বাস দিয়েছে যে, পশ্চিম এশিয়ায় অবস্থানরত সমস্ত ভারতীয় নাবিক নিরাপদ রয়েছেন এবং কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। সরকার জানিয়েছে যে, বন্দরগুলোতে কাজকর্ম সুচারুভাবে চলছে এবং পণ্য পরিবহন ও সংরক্ষণের সুবিধার্থে অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

বিদেশ মন্ত্রক জানিয়েছে যে, ভারতীয় নাগরিকদের নিরাপত্তা বিধানই তাদের কাছে সর্বোচ্চ অগ্রাধিকার। শত শত নাগরিককে ওই অঞ্চল থেকে সরিয়ে আনা হয়েছে এবং তাদের দেশে ফিরিয়ে আনার জন্য বিশেষ বিমানের ব্যবস্থা করা হয়েছে।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বাহরিনের বাদশা হামাদ বিন ইসা আল খলিফার সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। সামাজিক মাধ্যমের এক পোস্টে প্রধানমন্ত্রী জানান, তারা পশ্চিম এশীয় অঞ্চলের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন এবং জ্বালানি ও অসামরিক পরিকাঠামো লক্ষ্য করে চালানো হামলার তীব্র নিন্দা করেছেন। একইসঙ্গে তাঁরা বিশ্বব্যাপী খাদ্য, জ্বালানি ও সারের নিরাপত্তার ওপর এই হামলার নেতিবাচক প্রভাবের বিষয়টিও বিশেষভাবে তুলে ধরেছেন। শ্রী মোদী সমুদ্রপথে অবাধ চলাচলের স্বাধীনতা নিশ্চিত করা এবং নৌ-চলাচলের পথগুলো উন্মুক্ত ও নিরাপদ রাখার গুরুত্বের বিষয়টি পুনর্ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী মোদী পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে শুভেচ্ছা জানান এবং বাহরিনে বসবাসরত ভারতীয় সম্প্রদায়ের কল্যাণে বিভিন্ন পদক্ষেপের জন্য বাদশাহকে ধন্যবাদ জানান।

----------------------

পশ্চিম এশিয়ার সংকট আরো ঘনীভূত হয়েছে। মার্কিণ-ইসরায়েল জোট এবং ইরানের অপর আক্রমণ আরো তীব্রতর করছে। উপসাগরীয় দেশগুলোর গুরুত্বপূর্ণ জ্বালানি পরিকাঠামো লক্ষ্য করে নতুন করে চালানো সামরিক হামলা এবং পাল্টা আক্রমণে এই অঞ্চলের উত্তেজনাকে আরও বাড়িয়ে তুলছে। ঈদুল ফিতর এবং পারস্যের নববর্ষ 'নওরোজ'-এর উৎসবের আনন্দের ওপরও এক কালো ছায়া ফেলেছে।

আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলো জানিয়েছে  মার্কিণ যুক্তরাষ্ট্র এই অঞ্চলে আরও তিনটি যুদ্ধজাহাজ এবং প্রায়  আড়াই হাজার নৌ সেনা  মোতায়েন করছে।

তবে সামাজিক মাধ্যমে প্রেসিডেন্ট ট্রাম্প বলেছেন যে, মার্কিণ যুক্তরাষ্ট্র যুদ্ধ বন্ধ করার বিষয়টি বিবেচনা করছে, তবে হরমুজ প্রণালী রক্ষার দায়িত্ব অবশ্যই অন্যান্য রাষ্ট্রগুলোকে নিজেদের কাঁধে তুলে নিতে হবে।

এর আগে, হরমুজ প্রণালীকে লক্ষ্যবস্তু করে হামলা চালানো ইরানি সামরিক শক্তির ওপর আঘাত হানার উদ্দেশ্যে ব্রিটিশ ঘাঁটিগুলো ব্যবহারের অনুমতি দিতে ব্রিটেন সম্মত হয়েছে। ডাউনিং স্ট্রিট জানিয়েছে যে, হরমুজ প্রণালীতে চলাচলকারী জাহাজগুলোর নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এই অনুমোদন দেওয়া হয়েছে।

ইরানের বিদেশমন্ত্রী সাইয়েদ আব্বাস আরাঘচি অভিযোগ করেছেন যে, প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার ব্রিটিশ নাগরিকদের জীবনকে ঝুঁকির মুখে ঠেলে দিচ্ছেন। তিনি আরও বলেন যে,  ইরান তার আত্মরক্ষার অধিকার প্রয়োগ করবে।

অন্যদিকে, ইরান ইসরায়েল এবং প্রতিবেশী উপসাগরীয় আরব রাষ্ট্রগুলোকে লক্ষ্য করে হামলা চালিয়েছে। এর জবাবে, ইসরায়েল তেহরানকে লক্ষ্য করে বিমান হামলা আরো জোরদার করেছে। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন,

মার্কিন প্রেসিডেন্টের অনুরোধে ইসরায়েল ইরানের বিদ্যুৎ সরবরাহের ওপর নির্ভরশীল গ্যাসক্ষেত্রে হামলা চালানো বন্ধ করবে।

এদিকে চলতি সংঘর্ষে কারণে লেবানন ও ইরানের লক্ষ লক্ষ মানুষ বাস্তুচ্যুত হয়েছেন।

ইরানে তেরশোর বেশি মানুষের মৃত্যু হয়েছে। লেবাননে হাজারেরও বেশি, ইসরায়েলে ১৫ জন এবং ১৩ জন মার্কিন সেনার মৃত্যু হয়েছে।

---------------------

বিদেশ মন্ত্রকের ফ্যাক্ট চেক ইউনিট, মার্কিন যুক্তরাষ্ট্র পশ্চিম ভারত থেকে ইরানে বোমা হামলার উদ্দেশ্যে ভারতের কাছে সামরিক সরঞ্জাম ব্যবহারের সহায়তা চেয়েছে বলে যে গুজব ছড়িয়েছে তা খারিজ করে দিয়েছে। বিদেশ মন্ত্রক পক্ষ সাধারণ মানুষকে এই ধরণের ভুয়ো খবর ও সমাজ মাধ্যমের পোস্ট থেকে সতর্ক থাকতে অনুরোধ করেছে।

---------------------

ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ফন ডেয়ার লিয়েন বলেছেন হাঙ্গেরির আপত্তি সত্ত্বেও ইউরোপীয় ইউনিয়ন ইইউ — ইউক্রেনকে প্রতিশ্রুতি অনুযায়ী ৯০

বিলিয়ন ইউরো ঋণ পরিশোধের উপায় খুঁজে বের করবে। ব্রাসেলসে শীর্ষ সম্মেলনের পর সাংবাদিকদের সাথে কথা বলার সময় লিয়েন এ তথ্য জানান।

(BYTE)

এই সম্মেলনে ইইউ নেতারা হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর ওরবানকে ইউক্রেনের জন্য গুরুত্বপূর্ণ ইইউ ঋণের উপর থেকে তার অবরোধ তুলে নিতে রাজি করাতে ব্যর্থ হন। জার্মান চ্যান্সেলর ফ্রিডরিশ মাৎর্জ ওরবানের ভেটোকে গুরুতর বিশ্বাসঘাতকতার এক নজিরবিহীন কাজ বলে অভিহিত করেছেন। হাঙ্গেরি রাশিয়ার জ্বালানির উপর নির্ভরশীল। ওরবান অভিযোগ করেছেন, 'দ্রুঝবা' নামে সোভিয়েত সময়কালের একটি পাইপলাইন মেরামত করতে না পাড়ার জ্বালানি সরবরাহ ব্যাহত হচ্ছে। এর জন্য ইউক্রেনই দায়ী । এই পাইপলাইনটি ইউক্রেনের মধ্য দিয়ে রাশিয়ার তেল হাঙ্গেরি ও স্লোভাকিয়ায় নিয়ে যায়।

---------------------

সরকার জানিয়েছে, দেশে সারের উৎপাদন এবং চাহিদার মধ্যে ঘাটতি কমাতে আমদানির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কেন্দ্রীয় সার ও রসায়ন মন্ত্রক জানিয়েছেন, বর্তমান অর্থবর্ষে ইউরিয়া সারের আমদানি ৮৯ লক্ষ টনেরও বেশি করতে হয়েছে।

অন্যদিকে, ডাই অ্যামোনিয়াম ফসফেটের আমদানিও বেড়ে হয়েছে ৬০ লক্ষ টনের বেশি। কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রকের সঙ্গে আলোচনার ভিত্তিতে সার আমদানির পরিমাণ বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

---------------------

অর্থমন্ত্রী নির্মলা সীতারামন গতকাল নতুন দিল্লিতে ‘প্রারম্ভ ২০২৬-এর সূচনা করেছেন; এটি ‘আয়কর আইন, ২০২৫’ বিষয়ে একটি দেশব্যাপী সচেতনতা অভিযান। মুদ্রণ মাধ্যম, রেডিও, টেলিভিশন, আউটডোর বিজ্ঞাপন, ডিজিটাল মাধ্যম এবং সামাজিক মাধ্যম—সবকিছুকে অন্তর্ভুক্ত করে এই বহুমুখী উদ্যোগটির মূল লক্ষ্য হলো নতুন এই আইনের প্রধান বৈশিষ্ট্যগুলো সম্পর্কে সচেতনতা গড়ে তোলা। উল্লেখ্য, নতুন এই আইনটি আগামী মাসের ১ তারিখ থেকে কার্যকর হতে চলেছে। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে অর্থমন্ত্রী বলেন যে, ‘আয়কর আইন, ২০২৫’ কর সংক্রান্ত ভুলভ্রান্তি, ত্রুটি, সমস্যা এবং কর পরিকাঠামোয় খরচ কমাতে সহায়তা করবে। তিনি জোর দিয়ে বলেন যে, নতুন এই আইন অনেক স্পষ্ট এবং সাধারণ মানুষের কাছে আয়কর সংক্রান্ত আরো সহজ রূপরেখা তুলে ধরেছে। শ্রীমতি সীতারামন আরও বলেন, ক্ষুদ্র ব্যবসায়ী এবং পেশাজীবীরাই হলেন অর্থনীতির মূল চালিকাশক্তি। নতুন এই আইনের আওতায় অনুমানভিত্তিক কর ব্যবস্থা কে আরও শক্তিশালী করা হয়েছে।

বাইট-সীতারামন

----------------------

আজ আন্তর্জাতিক অরণ্য দিবস। কেন্দ্রীয় পরিবেশ, অরণ্য ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব এই উপলক্ষ্যে সাধারণ মানুষকে অরণ্য সংরক্ষণে শপথ নেওয়ার আহ্বান জানিয়েছেন। সমাজ মাধ্যমের একটি বার্তায় তিনি বলেন, অরণ্য শুধুমাত্র সম্পদ হিসেবে ব্যবহারের জন্য নয়। বরং অরণ্যকে বাঁচাতে সবরকম প্রচেষ্টা গ্রহণ করতে হবে। ২০১২ সালে রাষ্ট্রসংঘের সাধারণ সভা ২১ মার্চ দিনটিকে আন্তর্জাতিক অরণ্য দিবস হিসেবে ঘোষণা করে। সব ধরণের অরন্যকে গুরুত্ব দিতে ও সচেতনতা বাড়াতে সমগ্র

বিশ্ব জুড়ে এই দিনটি পালন করা হয়। দিনটিতে বৃক্ষ রোপণ সহ একাধিক কর্মসূচী গ্রহণ করা হয়।

---------------------

আজ খুশির ঈদ। রমজান মাসের সিয়াম সাধনার পর ঈদের আনন্দে মেতে উঠেছেন ইসলাম ধর্মের নাগিরকেরা। সকাল থেকেই নতুন জামা কাপড় পরে ঈদের নামাজে অংশ নিয়েছেন তাঁরা। বিভিন্ন ঈদগা ও মসজিদে বিপুল জনসমাগম লক্ষ্য করা গেছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ঈদ উল ফিতর উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছিলেন। এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন , এই উৎসব আত্মসংযম, দান এবং দরিদ্র মানুদের প্রতি সহানুভূতির বার্তা বহন করে আনে। এটি ভালোবাসা, ভ্রাতৃত্ব বোধ শান্তি ও পারস্পরিক সম্প্রীতির বার্তায় পৌঁছে দেয়। তিনি বলেন, ঈদের উৎসব আমাদের স্মরণ করিয়ে দেয় যে প্রতিটি মানুষের সার্বিক কল্যাণের জন্য আমাদের সচেষ্ট হয় উচিত।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঈদ উল ফিতর উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক সমাজ মাধ্যম বার্তায় তিনি এই উৎসব সকলের মধ্যে সৌভ্রাতৃত্বের বন্ধন আরো দৃঢ় করবে বলে আশা প্রকাশ করে সকলের সুস্বাস্থ্য ও সমৃদ্ধির প্রার্থনা করেছেন।

অন্যদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পারসী নববর্ষ নওরোজ উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যম বার্তায় তিনি সকলের জন্য সমৃদ্ধি এবং আনন্দে পরিপূর্ণ একটি বছরের শুভকামনা জানিয়েছেন।

পশ্চিমবঙ্গের রাজ্যপাল আর এন রবি এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ঈদ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

---------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ সারহুল উৎসব উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি বলেছেন, বৃক্ষশাখায় নবপুষ্পের আগমন উপলক্ষ্যে উদযাপিত এই উৎসবটি নতুন উদ্দীপনা নিয়ে এক নতুন সূচনার প্রতীক। তিনি আরও বলেন যে, এই উৎসবটি আদিবাসী সম্প্রদায়ের সমষ্টিগত চেতনা এবং প্রকৃতির সঙ্গে তাদের গভীর বন্ধনকেও তুলে ধরে। রাষ্ট্রপতি নাগরিকদের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের পাশাপাশি উন্নয়নের পথে এগিয়ে চলার সংকল্প গ্রহণের আহ্বানও জানিয়েছেন। উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এই উৎসব প্রতিটি ঘরে শান্তি ও সমৃদ্ধি বয়ে আনুক, এই কামনা করেছেন ।

---------------------

স্কোয়াশে ইন্ডিয়ান ওপেনে মুম্বইয়ে গতকাল ভারতের অনাহত সিং, তানভি খান্না, অভয় সিং ও ভীর চোতরাণী সেমিফাইনালে পৌঁছেছেন। টুর্নামেন্টের শীর্ষ বাছাই অনাহত সিং মালয়শিয়ার সেহভিত্রা কুমারকে ৩-০ এ পরাজিত করেছেন। অন্যদিকে তানভি ৩-১ ব্যবধানে পরাজিত করেছেন চতুর্থ বাছাই মালয়শিয়ার আইনা আমানি। সেমিফাইনালে আজ মুখোমুখি হবেন অনাহত সিং ও তানভি খান্না।

অন্যদিকে, পুরুষদের কোয়ার্টার ফাইনাল ম্যাচে দ্বিতীয় বাছাই অভয় মিশরের ইয়াসিন শোহদিকে ৩-১ ব্যবধানে হারিয়েছেন। চতুর্থ বাছাই ভীর চোতরাণী মিশরের মহম্মদ শারাফকে ৩-০ এ পরাজিত করে সেমিফাইনালে উঠেছেন।

----------------------

অলিম্পিক খেতাব জয়ী বিশ্ব চ্যাম্পিয়ন সাঁতারু ক্যামেরুন ম্যাকএভয় পুরুষদের ৫০ মিটার ফ্রিস্টাইলের বিশ্ব রেকর্ড ভেঙেছেন। ১৭ বছর ধরে এই রেকর্ড অধরা ছিল। অস্ট্রেলিয়ার সাঁতারু ৩১ বছরের ম্যাকএভয় গতকাল শেনঝেনে চীন ওপেন প্রতিযোগিতায় ৫০ মিটার ফ্রিস্টাইল শেষ করেছেন ২০ দশমিক ৮৮ সেকেন্ডে। এর আগে ব্রাজিলের সিজার সিয়েলো ২০০৯ সালে সময় নেন ২০ দশমিক ৯১ সেকেন্ড।

---------------------- ----------------------